অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/15/2024 **গভর্নর ক্যাথি হোকল**

8 মিলিয়ন নিউ ইয়র্কবাসীদের ইউটিলিটি বিলে অব্যাহতি দেওয়ার জন্য গভর্নর হোকল 200 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করার কথা ঘোষণা করেছেন

আবাসিক এবং অনাবাসিক বৈদ্যুতিক এবং গ্যাস গ্রাহকদের জন্য ছাড় দেওয়া হয়েছে

2024 সালে শক্তি ইউটিলিটি গ্রাহকদের জন্য 1.4 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সহায়তা উপলভ্য থাকবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশন তাদের গ্রাহকদের পক্ষে বৃহৎ বৈদ্যুতিক এবং গ্যাস ইউটিলিটিগুলির দ্বারা পরিচালিত হওয়ার জন্য একটি 200 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক স্টেট এনার্জি বিল ক্রেডিট গ্রহণ করেছে। এনার্জি বিল ক্রেডিট হল একটি এককালীন ক্রেডিট যা স্টেট-অনুমোদিত তহবিল ব্যবহার করে 8 মিলিয়নেরও বেশি সরাসরি মিটারের বিদ্যুৎ এবং গ্যাস গ্রাহকদের শক্তি বিল ত্রাণ প্রদান করতে। আজকের পদক্ষেপের মাধ্যমে, নিউ ইয়র্ক গ্রাহকদের জন্য 2024 সালে শক্তি খরচ অফসেট করতে সাহায্য করার জন্য 1.4 বিলিয়ন মার্কিন ডলারের বেশি উপলভ্য করা হয়েছে বা করা হবে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসী সাশ্রয়ী মূল্যের এবং পরিচ্ছন্ন শক্তি পাওয়ার যোগ্য, যে কারণে আমি পরিশ্রমী পরিবারগুলির জন্য আর্থিক ত্রাণ প্রদানের জন্য অতিরিক্ত তহবিল সুরক্ষিত করার জন্য লড়াই করেছি," **গভর্নর হোকল বলেন।** "শক্তির সাশ্রয়যোগ্যতা আমার পরিচ্ছন্ন শক্রি এজেন্ডায় একটি শীর্ষ অগ্রাধিকার হিসাবে থাকা অব্যাহত রয়েছে এবং এই ইউটিলিটি বিল ক্রেডিটটি আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের জন্য খরচ কমাতে নিউ ইয়র্কে নেওয়া অনেকগুলি পদক্ষেপের মধ্যে একটি মাত্র।"

এনার্জি অ্যাফোর্ডেবিলিটি পলিসি ওয়ার্কিং গ্রুপ দ্বারা প্রস্তাবিত প্রোগ্রামটি নিশ্চিত করে যে অর্থবছর 24 (FY24) এর স্টেট বাজেটে অন্তর্ভুক্ত 200 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দ ইউটিলিটিগুলি বাজেট তহবিল পাওয়ার প্রায় 45 দিনের মধ্যে এককালীন ক্রেডিট এর মাধ্যমে গ্রাহক অ্যাকাউন্টগুলিতে বরাদ্দ করা হবে। এই ইউটিলিটি বিল অব্যাহতি নিউ ইয়র্ক স্টেট দ্বারা পরিচালিত অন্যান্য মূল শক্তি সাশ্রয়যোগ্যতা প্রোগ্রামগুলিকে অগ্রসর করে, যার মধ্যে রয়েছে 380 মিলিয়ন মার্কিন ডলারের ইউটিলিটিগুলির মাধ্যমে ভোক্তাদের জন্য শক্তি সহায়তা প্রোগ্রাম (Energy Assistance Program, EAP) তহবিল, 360 মিলিয়ন মার্কিন ডলারের গৃহ শক্তি সহায়তা কর্মসূচি (Home Energy Assistance Program, HEAP) ফান্ডিং, স্টেট বাজেটের মাধ্যমে 200 মিলিয়ন মার্কিন ডলারের EmPower+ তহবিল, স্টেটব্যাপী এলএমআই পোর্টফলিও (Statewide

LMI) এবং নিউ ইয়র্ক সান (NY Sun) এর মাধ্যমে নিম্ন থেকে মধ্যম আয়ের (LMI) নিউ ইয়র্কবাসীদের জন্য শক্তি দক্ষতা এবং পরিচ্ছন্ন শক্তি সলিউশনের অ্যাক্সেস প্রদানের জন্য 200 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি রেটপেয়ার ফান্ডিং এবং, ওয়েদারাইজেশন অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (WAP) এর মাধ্যমে বার্ষিক 70 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তহবিল।

ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (Department of Public Service, DPS) এনার্জি অ্যাফোর্ডেবিলিটি পলিসি ওয়ার্কিং গ্রুপের সাথে পরামর্শ করে, জ্বালানি পণ্যের খরচ বৃদ্ধি এবং ইউটিলিটির ডেলিভারি রেট বৃদ্ধির স্বীকৃতিতে ইউটিলিটির সাশ্রয়যোগ্যতা প্রোগ্রামের খরচ সম্পর্কিত একটি ইউটিলিটি বিল রিলিফ প্রোগ্রাম ডিজাইন করার দায়িত্ব পায়। কাঙ্খিত ত্রাণ কার্যকর করার জন্য ওয়ার্কিং গ্রুপ বেশ কয়েক মাস ধরে একাধিক প্রস্তাব বিবেচনা করেছে৷ কর্মগোষ্ঠীর অধিকাংশই বেশ কয়েকটি মূল পরিবর্তনের পরে কর্মীদের প্রস্তাবে সম্মত হয়েছে এবং PSC-কে এককালীন শক্তি বিল ক্রেডিট বাস্তবায়নের সুপারিশ করেছে যা প্রাথমিকভাবে আবাসিক এবং ছোট ব্যবসার বিদ্যুৎ এবং গ্যাস গ্রাহকদের উপকার করবে৷

এনার্জি অ্যাফোর্ডেবিলিটি পলিসি ওয়ার্কিং গ্রুপ নেতৃস্থানীয় ভোক্তা গোষ্ঠী এবং তাদের সমর্থক, পৌরসভা, প্রাসঙ্গিক রাষ্ট্রীয় সংস্থা এবং নিউই য়র্কের ইউটিলিটি নিয়ে গঠিত৷

PSC-এর চেয়ার রোরি এম. ক্রিশ্চিয়ান বলেছেন, "নিউ ইয়র্ক স্টেটের উচ্চ মূল্যের ইউটিলিটি বিলের সমস্যা মোকাবেলা অব্যাহত রাখার জন্য আমরা গভর্নর হোকলকে সাধুবাদ জানাই৷ যেহেতু বিশ্বব্যাপী পণ্যমূল্যের অস্থিরতা এবং ইউটিলিটি ডেলিভারির রেটের কারণে খরচ বৃদ্ধি পাচ্ছে, গভর্নরের নতুন এবং উদ্ভাবনী শক্তি সাশ্রয়ী মূল্যের উদ্যোগসমূহ ঠিক সঠিক সময়ে আসছে।"

পাবলিক ইউটিলিটি ল প্রজেক্ট (Public Utility Law Project, PULP)-এর নির্বাহী পরিচালক এবং কাউন্সেল লরি হুইলক বলেন, " 2023-24 অর্থবছরের স্টেট বাজেটে শক্তি সাশ্রয়যোগ্যতা সমাধানে একটি ঐতিহাসিক 200 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দের জন্য PULP গভর্নর হোকল এবং স্টেটের আইনসভার প্রতি আমাদের আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করে। পাবলিক সার্ভিস ডিপার্টমেন্ট, জয়েন্ট ইউটিলিটিস এবং সহভোক্তা সমর্থক সহ PULP এবং অন্যান্য স্টেকহোল্ডাররা গ্রাহকদের ত্রাণ প্রদান করবে এমন একটি প্রস্তাব উত্থাপন করার জন্য একসাথে কাজ করেছে। কমিশনের আজকের সিদ্ধান্তটি ক্রমবর্ধমান ইউটিলিটি খরচ এবং অস্থির বিদ্যুৎ এবং প্রাকৃতিক গ্যাসের দামের সম্মুখীন আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ পরিবারগুলি সহ সমস্ত নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার উপায় খুঁজে বের করার জন্য একটি একীভূত অঙ্গীকারের উপর জোর দেয়। যখন আমরা এই মাইলফলকটি উদযাপন করছি, PULP 2024 সালে এবং তার পরেও শক্তি যাতে সাশ্রয়ী হয় তা নিশ্চিত করার জন্য অতিরিক্ত ব্যবস্থাগুলি সনাক্ত করতে এবং সমর্থন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

শক্তি বিল ক্রেডিট তহবিল এবং EmPower+ ছাড়াও, নিউ ইয়র্ক স্টেট প্রোগ্রামগুলি তহবিল ও কারিগরি সহায়তা প্রদান করে যা বাড়ির মালিক, ভাড়াটিয়া, এবং ব্যবসাসমূহকে তাদের শক্তি চাহিদা ব্যবস্থাপনা করতে সহায়তা করতে পারে।এর মধ্যে রয়েছে:

- **HEAP-র জন্য আবেদন করা।** 1 নভেম্বর পর্যন্ত, গৃহ শক্তি সহায়তা কর্মসূচির (Home Energy Assistance Program, HEAP) জন্য আবেদন গৃহীত হচ্ছে যা উপার্জন, গৃহস্থালির আকার এবং তারা কীভাবে তাদের বাসাকে উষ্ণ রাখে তার উপর ভিত্তি করে করে (যেমন, মাসিক মোট 5,838 মার্কিন ডলার উপার্জনসহ চার সদস্যের পরিবার আবেদন করতে পারবে) যোগ্য বাড়ির মালিক এবং ভাড়াটিয়াকে 976 মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে পারবে। আরো তথ্যের জন্য NYS HEAP ভিজিট করুন।
- **শক্তি ক্রয়ক্ষমতা কর্মসূচি/নিম্ন আয়ের বিল ছাড় কর্মসূচি।** কর্মসূচিটি উপার্জন অনুযায়ী যোগ্য ভোক্তাদের তাদের মাসিক বিদ্যুৎ এবং/অথবা গ্যাস বিলে একটি ছাড় প্রদান করে, এবং সেই সাথে অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করে যা নির্দিষ্ট ইউটিলিটির কর্মসূচির বৈশিষ্ট্যের উপর নির্ভর করবে। একটি সরকারি সহায়তা কর্মসূচি থেকে ভাতা পাওয়া নিউ ইয়র্কবাসীরা স্বয়ংক্রিয়ভাবে এতে নাম লেখাতে পারবে। আরো তথ্যের জন্য, তাদের উচিত তাদের ইউটিলিটির ওয়েবসাইট ভিজিট করা বা DPS শীতকালীন প্রস্তুতিতে (DPS Winter Preparedness) লিংকসমূহ পাওয়া যাবে।
- **সম্প্রদায়ভিত্তিক সেবা কর্মসূচি।** সেবা সংগঠন এবং স্থানীয় সম্প্রদায়ের এজেন্সিসমূহ আর্থিক সহায়তা, কাউন্সেলিং সেবা এবং ইউটিলিটি জরুরি অবস্থার সহায়তা প্রদান করে। নিউ ইয়র্কবাসীরা আরো জানার জন্য আমেরিকান রেড ক্রস (American Red Cross) (800-733-2767), স্যালভেশন আর্মি (Salvation Army) (800-728-7825), এবং ইউনাইটেড ওয়ে (United Way) (2-1-1 বা 888-774-7633) এর মতো সংগঠনগুলির সাথে যোগাযোগ করতে পারবে।
- **স্টেটে শক্তি-সম্পর্কিত সহায়তার একটি পূর্ণ কাস্টোমাইজড তালিকা পাওয়া।** নিউ ইয়র্ক শক্তি উপদেষ্টা (New York Energy Advisor) আয় যোগ্য নিউ ইয়র্কবাসীকে এমন কর্মসূচি সনাক্ত করতে সাহায্য করে যা তাদেরকে শক্তির জন্য কম ব্যয় করতে এবং আরো স্বাস্থ্যকর ও আরো আরামদায়ক স্থান তৈরি করতে সাহায্য করে। নিউ ইয়র্ক শক্তি উপদেষ্টার কাছ থেকে ভোক্তারা সহজ প্রশ্নের উত্তর পাবে এবং নিউ ইয়র্ক স্টেটের শক্তি সাশ্রয়ী অফারের সাথে সংযুক্ত হতে পারবে। NYSERDA ও ইউটিলিটিগুলির স্পন্সর পেয়ে নিউ ইয়র্কবাসীরা ইউটিলিটি বিল পরিশোধে সহায়তা পেতে পারে, হিটিং সহায়তার ক্ষেত্রে বিশেষ অফার এবং আরো অনেক কিছু পেতে পারে।
- **EmPower+:** আয়-যোগ্য পরিবারগুলি NYSERDA দ্বারা পরিচালিত EmPower+ প্রোগ্রামের মাধ্যমে গ্রিহের শক্তির মূল্যায়ন এবং বিনা খরচে শক্তি দক্ষতা আপগ্রেড পেতে পারোপ্রোগ্রাম সম্পর্কে আরো তথ্যের জন্য এবং কীভাবে আবেদন করতে হবে তার নির্দেশাবলীর জন্য https://www.nyserda.ny.gov/All-Programs/EmPower-New-York-Program দেখুন।
- **ওয়েদারাইজেশন সহায়তা কর্মসূচি (WAP):** নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল দ্বারা পরিচালিত WAP, আয় যোগ্য পরিবারগুলিকে বিনা খরচে ওয়েদারাইজেশন সেবা প্রদান করে। ভাড়ার সম্পত্তিকেও সেবা প্রদান করা যেতে পারে, যদিও ভাড়ার সম্পত্তির মালিকদের উপর অতিরিক্ত শর্ত প্রযোজ্য।

WAP সম্পর্কে আরো তথ্যের জন্য এবং কীভাবে আবেদন করতে হবে তার নির্দেশাবলীর জন্য https://hcr.ny.gov/weatherization-applicants দেখুন।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের নজিরবিহীন বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 118টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 40 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার, এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি NY গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 170,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে 400টি নিবন্ধিত ও 100টিরও বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ (community air monitoring initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন